

যুগান্তর

প্রতিবন্ধীদের জন্য বিশেষ সফটওয়্যার

প্রকাশ : ১০ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

সাইফ আহমাদ



সফটওয়্যার তৈরিতে কর্মরত আইটি কর্মীরা

ভিন্নভাবে সক্ষম মানুষদের প্রতিবন্ধিত্ব দূরীকরণে বাংলা ভাষাভিত্তিক তথ্যপ্রযুক্তির মাধ্যমে সেবা নিশ্চিত করতে সফটওয়্যার তৈরি করছে সরকার।

এ সফটওয়্যারের মাধ্যমে দৃষ্টিশক্তি স্বাভাবিক কিন্তু বলতে বা শুনতে অসমর্থ এমন ব্যক্তির উপকার পাবেন বলে মন্তব্য করেছেন ডাক টেলিযোগাযোগ তথ্য ও প্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার।

বৃহস্পতিবার ৮ নভেম্বর রাজধানীর কারওয়ান বাজারের জনতা টাওয়ার সফটওয়্যার টেকনোলজি পার্কের সভাকক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে আয়োজিত গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ প্রকল্পের আওতায় ‘প্রতিবন্ধীদের জন্য সফটওয়্যার উন্নয়ন বিষয়ক কর্মশালায়’ প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

মন্ত্রী বলেন, পৃথিবীর প্রায় ৩৫ কোটি মানুষ বাংলা ভাষায় কথা বলে। তিনি বলেন, আমাদের জাতীয় ভাষা বাংলা। আমরা বাংলা ভাষার নেতৃত্ব দিচ্ছি। তাই আমাদের বাংলা ভাষাভাষী মানুষদের উপযোগী সফটওয়্যার তৈরি করতে হবে।

তিনি আজকের কর্মশালায় অংশীজনদের প্রাপ্ত মতামতের ভিত্তিতে ভিন্নভাবে সক্ষম মানুষের ব্যবহারের উপযোগী সফটওয়্যার তৈরি করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ’ শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিবন্ধীদের জন্য একটি সফটওয়্যার প্রস্তুত করা হচ্ছে। এর মূল উদ্দেশ্যে হচ্ছে সাইন ল্যাংগুয়েজ, মুখভাষা বা জেসচারকে ইউনিকোড টেক্সটে রূপান্তর এবং তা থেকে অটোমেটিক স্পিচ জেনারেট (generate) করা।

এর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তির একটি মোবাইল ফোনের ক্যামেরার সামনে বাংলা সাইন ল্যাংগুয়েজ প্রদর্শন করবে অর্থাৎ তার হাত, হাতের আঙুল, মুখমণ্ডলের নড়াচড়ার মাধ্যমে সাইন ল্যাংগুয়েজ প্রদর্শন করবে, মোবাইলের অ্যাপ এ সাইনকে রিকগনাইজ করবে এবং তাকে বাংলা ইউনিকোড টেক্সট হিসেবে প্রদর্শন করবে, একই সঙ্গে এ টেক্সট থেকে বাংলা স্পিচ জেনারেট হবে।

এর নাম হবে ‘অটোমেটিক রিয়েল টাইম বাংলা সাইন- জেসচার ডিটেকশন অ্যান্ড টেক্সট-স্পিচ জেনারেশন সিস্টেম (ভাইস-ভার্সা)। এ সিস্টেমটি নির্দিষ্ট কোনো ডিভাইস ডিপেনডেন্ট হবে না।

সাধারণ অ্যান্ড্রয়েড মোবাইল বা সমতুল্য ডিভাইস দিয়ে এ কাজ করা যাবে। এ সিস্টেম মোশন ইমেজ প্রসেসিংয়ের মাধ্যমে প্রস্তুত করা হবে। যাতে কৃত্রিম বুদ্ধিমত্তা বিশেষ করে মেশিন লার্নিং প্রযুক্তি ব্যবহার করা হবে।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক রেজাউল করিমের সভাপতিত্বে কর্মশালায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব জুয়েনা আজিজ, গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক মো. জিয়া উদ্দিন অন্যদের মধ্যে বক্তৃতা করেন। কর্মশালায় বুয়েট, শাহজালাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ জাতীয় প্রতিবন্ধী সংস্থা, সিডিডির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।